গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ২৪.১১.২০২৫ খ্রি.

# ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন মুরারিচাঁদ কলেজ, সিলেট-এ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ২৫ নভেম্বর ২০২৫ থেকে শুরু হয়ে ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত চলবে।

**বি:দ্র: অনলাইনে আবেদন করার আগে বিজ্ঞপ্তি ও গাইড লাইন ভালো করে পড়ে নিতে হবে।**

## মুরারিচাঁদ কলেজ, সিলেট-এ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিষয় সমূহ:

বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, পদার্থবিজ্ঞান, রসায়নবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, মনোবিজ্ঞান, পরিসংখ্যান ও গণিত।

## প্রাথমিক আবেদনের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা

(১) বাংলাদেশে স্বীকৃত সকল শিক্ষাবোর্ড ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে আবেদনের ন্যূনতম যোগ্যতা

| ক্রমিক | উচ্চমাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা | ২০২২/২০২৩ সালের এসএসসি/সমমান পরীক্ষার ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | ২০২৪/২০২৫ সালের এইসএসসি/সমমান পরীক্ষার ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত ন্যূনতম জিপিএ |
|---|---|---|---|---|
| ০১ | মানবিক শাখা ও ব্যবসায় শিক্ষা শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (বিজনেস ম্যানেজমেন্ট ও ডিপ্লোমা ইন-কমার্স) শাখা | ২.০ | ২.০ | ৪.৫ |
| ০২ | বিজ্ঞান শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (ভোকেশনাল) শাখা | ২.২৫ | ২.০ | ৪.৭৫ |

(২) ২০২২/২০২৩ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২৪/২০২৫ সালের A-level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে নির্ধারিত সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ডিন বরাবর আবেদন করতে হবে।

(৩) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অন্যান্য সকল শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (adm.hons@nu.ac.bd) আবেদন পত্র প্রেরণ করবে।

## ভর্তি আবেদন পদ্ধতি:

ধাপ-১: আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে **(www.nu.ac.bd/admissions) Honours Tab**-এ গিয়ে **Apply Now (Honours)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে এবং **Gender** নির্বাচন করতে হবে।

ধাপ-২: মুরারিচাঁদ কলেজ, সিলেট এ ভর্তিযোগ্য বিষয়গুলোর তালিকা থেকে পছন্দের বিষয় নির্বাচন করতে হবে। কোটা প্রযোজ্য হলে কোটা নির্বাচন করা যাবে।

ধাপ-৩: আবেদনপত্র পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120x150 Pixels, image type:jpg এবং maximum file size: 50 kb. সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করে আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে অফসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে এবং প্রিন্ট করা আবেদন ফরমে নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর দিতে হবে।

## প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা পেমেন্ট পদ্ধতি:

### "সোনালী ই-সেবায়" টাকা (১,০০০/-) জমাদানের লিংক

https://sbl.com.bd:7070 লিংকে প্রবেশ করে অথবা সোনালী ই-সেবা (Sonali eSheba) মোবাইল অ্যাপের "National University Fees" মেন্যু থেকে "Application Fee" বাটেন ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে ভর্তি ফি পরিশোধ করতে হবে। ভর্তি ফি পরিশোধের পর প্রাপ্ত পেমেন্ট স্লিপ শিক্ষার্থী সংরক্ষণ করবে।

## অনলাইন আবেদনের প্রিন্ট কপি কলেজ ওয়েবসাইটে সাবমিট:

কলেজ ওয়েবসাইটে (www.mccollege.edu.bd) Online Honours Admission-2025 অপশনে ক্লিক করে Start Online Admission-এ গিয়ে সোনালী ই-সেবার ট্রানজেকশন আইডি নম্বর, ভর্তির রোল নম্বর লিখে Submit button-এ ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্যছক সঠিকভাবে ভর্তি ফরমের পিন নম্বর, ভর্তি রোল নম্বর, গ্রুপ, একটিভ মোবাইল নম্বর লিখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রিন্টকৃত ফরমটি আপলোড করতে হবে।

## ভর্তি পরীক্ষার প্রবেশপত্র প্রিন্ট

আবেদনকারীকে ভর্তি পরীক্ষার সাত দিন পূর্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশন থেকে ভর্তির পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। শিক্ষার্থীকে অবশ্যই ভর্তির পরীক্ষায় প্রবেশপত্র ও এইচএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড নিয়ে পরীক্ষার দিন পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে।

আবেদনের তারিখ: কলেজ ওয়েবসাইটে ২৫ নভেম্বর ২০২৫ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত
ভর্তি পরীক্ষা : পরবর্তীতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা মোতাবেক নোটিশের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

ভর্তি সংক্রান্ত অন্যান্য বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট, মুরারিচাঁদ কলেজ এর ওয়েবসাইট এবং কলেজ নোটিশ বোর্ড হতে জানা যাবে।

প্রতিস্বাক্ষর

২৪/১১/২৫

অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট
অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট।

24.11.2025
আহবায়ক
অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি-২০২৫-২৬
মুরারিচাঁদ কলেজ, সিলেট

D:\M.ZAKIR.My Doc:Hons-Admission/16-17.MCC

D:\M.ZAKIR.My Doc:Hons-Admission/16-17.MCC